

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
www.supremecourt.gov.bd

সার্কুলার নং- ০৩/২০১৭

এ,

তারিখঃ ১৮ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ অধস্তন ফৌজদারী আদালত কর্তৃক ফৌজদারী মামলায় সাক্ষীদের শপথ পরিচালনার ক্ষেত্রে **Criminal Rules and Orders, Volume-I** এর ৬৮৬ এবং ৬৮৭ বিধি আবশ্যিকভাবে প্রতিপালন প্রসঙ্গে।

অধস্তন ফৌজদারী আদালত কর্তৃক ফৌজদারী মামলায় সাক্ষীদের শপথ পরিচালনার ধরণ এবং পদ্ধতি সম্পর্কে **Criminal Rules and Orders, Volume-I** এর ৬৮৬ এবং ৬৮৭ বিধিতে সুনির্দিষ্ট বিধান উল্লেখ রয়েছে।

০২। সম্প্রতি অত্র কোর্টের গোচরীভূত হয়েছে যে, অধস্তন ফৌজদারী আদালত কর্তৃক ফৌজদারী মামলায় সাক্ষীদের শপথ পরিচালনার ক্ষেত্রে উল্লিখিত বিধি যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে না। বিষয়টি অনাকাঙ্ক্ষিত, অনভিপ্রেত ও আইন বর্হিভূত।

০৩। এমতাবস্থায়, অধস্তন ফৌজদারী আদালত কর্তৃক ফৌজদারী মামলায় সাক্ষীদের শপথ পরিচালনার ক্ষেত্রে **Criminal Rules and Orders, Volume-I** এর ৬৮৬ এবং ৬৮৭ বিধি আবশ্যিকভাবে প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করার হলো।

মাননীয় প্রধান বিচারপতির আদেশক্রমে,

স্বাঃ/-

(আবু সৈয়দ দিলজার হোসেন)

রেজিস্ট্রার


ফোনঃ ৯৫১৪৬৪৬

ই-মেইলঃ registrar_hcd@supremecourt.gov.bd

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

- ১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ,----- (সকল)।
- ৩। মহানগর দায়রা জজ,----- (সকল)।
- ৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত,----- (সকল)।
- ৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল,----- (সকল)।
- ৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,----- (সকল)।
- ৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,----- (সকল)।
- ৮। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত----- (সকল)।
- ৯। বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
- ১০। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ঢাকা।
- ১১। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
- ১২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,----- (সকল)।
- ১৩। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,----- (সকল)।
- ১৪। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ১৫। ডেপুটি রেজিস্ট্রার (ফৌজদারী-১/২), বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা [সার্কুলারটি ক্রিমিনাল রিভিশন মামলা নং- ১০১/২০১৭-এর সংশ্লিষ্ট বেঞ্চকে অবহিত করার অনুরোধসহ]।
- ১৬। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা [সংরক্ষনের জন্য]।
- ১৭। রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ১৮। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

প্রয়োজ্য ক্ষেত্রে
প্রশাসনিক
নিয়ন্ত্রণে কর্মরত
সকল বিচারককে
অনুলিপি
বিতরণের
প্রয়োজনীয় ব্যবস্থা
গ্রহণের
অনুরোধসহ


31.01.17
(মো'তাহসিম বিলিয়াহ)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোনঃ ৯৫৬১৯৩২।